"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

কেন্দ্রীয় সচিবালয়

ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা

www.bpdb.gov.bd

**সর্বোচ্চ অগ্রাধিকার**

নম্বর: ২৭.১১.০০০০.১০১.০২.০০১.২২-৫৬

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৯ / ২০ সেপ্টেম্বর ২০২২

## অফিস আদেশ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পরিশ্রমলব্ধ ও বিশেষ আকস্মিক ধরণের (Occasional in Character) কাজের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৮২ এর বিধি ৩০ (১) এবং অর্থ মন্ত্রণালয়ের ১৩ অক্টোবর ২০১৩ তারিখের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১২৬.০০.০০৩.১৩-২৩৩ ও বিভিন্ন সময়ে জারিকৃত বোর্ডের কতিপয় আদেশ মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সম্মানী প্রদানের ক্ষেত্রে নির্দেশাবলী অনুসরণ করা হয়ে আসছে। এ সংক্রান্তে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নির্ধারিত একটি কমিটির মাধ্যমে প্রস্তাব যাচাই-বাছাই সাপেক্ষে প্রচলিত সম্মানী সংক্রান্ত বিধি-বিধান অনুযায়ী সম্মানী প্রথা চলমান রয়েছে।

২। সম্মানী বিষয়ক প্রস্তাবসমূহ সঠিকভাবে নিস্পত্তির সুবিধার্থে সম্প্রতি সম্মানী বিষয়ক কমিটি কর্তৃক প্রচলিত সম্মানী সংক্রান্ত বিধি-বিধানের আলোকে এ বিষয়ে একটি গাইডলাইন প্রণয়নের সুপারিশ দাখিল করেন। উক্ত গাইডলাইনটি ০৪ জুলাই ২০২২ অনুষ্ঠিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ১৯৫২তম সাধারণ বোর্ডসভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত ও গৃহীত হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সম্মানী বিষয়ক গাইডলাইন'টি নিম্নরূপ।

৩। **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সম্মানী বিষয়ক গাইডলাইন, ২০২২:**

৩.১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বোর্ডের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ শ্রমলব্ধ, কষ্টসাধ্য এবং আকস্মিক ধরণের (Occasional in Character) কাজে সম্পৃক্ততার বিষয়ে সম্মানী প্রদানে কাজের মূল্যায়ণ ও সচ্ছতা আনয়নের ক্ষেত্রে নিম্নরূপ বিধানবলী অনুসরণ করতে হবে:

৩.১.১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/পরিদপ্তরের কাজের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় শ্রমলব্ধ, কষ্টসাধ্য, আকস্মিক, বিশেষ ধরণের Special Case হিসেবে মূল্যায়ণ ও স্বীকৃতিস্বরূপ সম্মানী প্রদানের সুনির্দিষ্ট প্রস্তাব পরবর্তী অর্থবৎসরের প্রারম্ভে (৩১ অক্টোবরের মধ্যে) যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর নিকট প্রেরণ করতে হবে;

৩.১.২। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের Job Description অনুযায়ী Routine Work (নিত্যকর্ম) এর জন্য সম্মানীর প্রস্তাব প্রেরণ করা যাবে না;

৩.১.৩। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কেউ একই অর্থবছরে কোন বিশেষ কাজের জন্য এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সম্মানী হিসেবে পেয়ে থাকলে তিনি এ সম্মানী প্রাপ্য হবেন না;

৩.১.৪। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের মেজর ওভারহলিং/পূনর্বাসন কাজ ব্যতীত দাপ্তরিক সংরক্ষণ/মেরামত/ Routine Work (নিত্যকর্ম) এর জন্য সম্মানীর প্রস্তাব প্রেরণ করা যাবে না। এ ধরণের কাজের ক্ষেত্রে সদস্য (উৎপাদন) এর পূর্বানুমোদন ও কাজের পরিমাণ বিবেচনায় সুপারিশকৃত প্রস্তাব থাকতে হবে। এছাড়া এ সংক্রান্তে অফিস আদেশ জারির মাধ্যমে দায়িত্ব বন্টন করতঃ বিষয়টি কেন্দ্রীয় সচিবালয়, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে অবহিত করতে হবে;

চলমান-২

৩.১.৫। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যে সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/পরিদপ্তরের সরকারি কোন অনুমোদিত পদ নাই অথচ কোন কর্মকর্তা/কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব পালন করতে হয় সেই সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দিস্ট মেয়াদের জন্য সম্মানী প্রস্তাব প্রেরণ করা যাবে;

৩.১.৬। বিশেষ পারদর্শিতার কাজ যথা: ম্যানুয়াল/গাইডলাইন প্রস্তুতকরণ, বিশেষ প্রতিবেদন প্রস্তুতকরণ, অধ্যাদেশ অথবা এ্যাক্ট এর সংশোধনী আনয়ন বা কোডরুল প্রস্তুতকরণ ইত্যাদি মৌলিক প্রকৃতির দায়িত্ব পালনের জন্য সম্মানীর প্রস্তাব প্রেরণ করা যাবে;

৩.১.৭। বড়ধরণের প্রাকৃতিক দুর্যোগ, ঘূর্ণিঝড়, সাইক্লোন, টর্নেডো বা ভুমিকম্পের ফলে বিদ্যুৎ কেন্দ্র বা বিতরণ লাইনের ব্যাপক ক্ষয়-ক্ষতি সাধিত হলে তা জরুরি ভিত্তিতে পূনর্বাসনের জন্য দিবা-রাত্র পরিশ্রম করে বিদ্যুৎ কেন্দ্র বা বিতরণ ব্যবস্থা যথাসময়ের মধ্যে চালু করতে পারলে, নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য সম্মানী প্রদানের প্রস্তাব প্রেরণ করা যাবে;

৩.১.৮। অতিরিক্ত সময়ে কাজের জন্য যে সকল কর্মচারী দ্বিগুন হারে অধিকালভাতা গ্রহণ করেন, তাঁদের প্রস্তাব বিবেচ্য হবে না;

৩.১.৯। সকল প্রকার কাজের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে সুনির্দিস্ট প্রস্তাব সম্মানী কমিটির নিকট প্রেরণ করতে হবে;

৩.১.১০। কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান বা কোনরূপ শাস্তি আরোপিত বা ফৌজধারী মামলা চলমান থাকলে তিনি এ ধরনের সম্মানীর জন্য বিবেচ্য হবেন না।

৩.১.১১। অর্থবৎসরের ভিত্তিতে সম্মানী নির্ধারণে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর প্রস্তাবকৃত দপ্তরে নিয়োজিত হিসেবে কর্মকাল নূন্যতম ০৬ (ছয়) মাস হতে হবে।

৩.১.১২। নিম্নবর্ণিত ছক Nikosh Font-এ পূরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে:

| ক্রমিক নম্বর | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | কার্যকাল (dd/mm/yyyy হতে dd/mm/yyyy) | প্রস্তাবিত অর্থবৎসরের জুন মাসের মূলবেতন | প্রস্তাবিত অর্থবৎসরে অন্য কোন সম্মানী গ্রহণ না করার বিষয়ে সংশ্লিষ্ট আহিদ/হিসাব দপ্তরের নিশচয়তা পত্র | বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/শাস্তি প্রাপ্ত কি-না, সে বিষয়ে দপ্তর প্রধানের প্রত্যয়ন পত্র |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

৪। **সম্মানী বিষয়ক প্রস্তাব প্রেরণ, সুপারিশ ও মঞ্জুর:**

৪.১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/পরিদপ্তর কর্তৃপক্ষ অনুচ্ছেদ ৩.১ এ উল্লিখিত গাইডলাইনের আলোকে সম্মানী প্রস্তাব সম্মানী বিষয়ক কমিটির সদস্য সচিব অর্থাৎ সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর নিকট প্রেরণ করবে। কমিটির সদস্য সচিব হিসেবে সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা প্রাপ্ত প্রস্তাবসমূহ সাচিবিক কার্যক্রম সম্পন্ন করতঃ কমিটির সভাপতি অর্থাৎ সদস্য, অর্থ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর অনুমতি ও পরামর্শক্রমে কমিটির সভায় উপস্থাপন করবে।

চলমান-৩

৪.২। সম্মানী বিষয়ক কমিটি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের বিশেষ শ্রমলব্ধ, কষ্টসাধ্য এবং আকস্মিক ধরণের কাজে সম্পৃক্ততার বিষয়টি অনুচ্ছেদ ৩.১ এ উল্লিখিত গাইডলাইন এর আলোকে যাচাই-বাছাই করতঃ সম্মানী প্রদানের প্রস্তাব বোর্ডসভায় উপস্থাপনের লক্ষ্যে সুপারিশ করবে।

৪.৩। সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা সম্মানী বিষয়ক কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব চূড়ান্ত অনুমোদন/ মঞ্জুরের জন্য বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাধারণ বোর্ডসভায় উপস্থাপন করবে। এক্ষেত্রে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাধারণ বোর্ডসভার সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

৫। বর্ণিতাবস্থায়, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পরিশ্রমলব্ধ ও বিশেষ আকস্মিক ধরণের (Occasional in Character) কাজের স্বীকৃতিস্বরূপ সম্মানী প্রদানের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে উপরিউক্ত গাইডলাইন অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২০/৯/২২

(মোহাম্মদ সেলিম রেজা)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-২২৩৩৮৭৩৫০
Secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.০২.০০১.২২-৫৬

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য, অর্থ/প্রশাসন/উৎপাদন/পরিকল্পনা ও উন্নয়ন/বিতরণ/কোম্পানি অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
২। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/ মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৩। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৭। অফিস কপি।

২০/৯/২২

(মোঃ রানা ইকবাল)
উপসচিব (বোর্ড)
☏: ০২-২২৩৩৮৯২৩৮